

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

উপজেলা প্রকৌশলীর কার্যালয়

শ্রীপুর, গাজীপুর।

www.lged.gov.bd



"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

স্মারক নং-৪৬.০২.৩৩.৮৬.০০০.১৪.০০১.২৩ - ৭৪২
প্রতি,

তারিখ : ০৪/০৬/২০২৩ খ্রিঃ

চেয়ারম্যান
মাওনা ইউনিয়ন পরিষদ
শ্রীপুর, গাজীপুর।

বিষয়ঃ স্থাবর সম্পত্তি হস্তান্তর করের ১% ইউনিয়ন জমা হতে স্কিম অনুমোদন প্রসঙ্গে।

সূত্র : তার ০৮/০৮/২০২৩ ইং তারিখের আবেদন ও ০৬-০৮-২০২৩ তারিখের ইউনিয়ন সভার রেজুলেশন।

বর্ণিত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, স্থাবর সম্পত্তি হস্তান্তর করের ১% জমাকৃত অর্থ হতে আপনার ইউনিয়নের বিভাজন অনুযায়ী প্রাপ্ত অর্থের বিপরীতে ইউনিয়ন পরিষদের সভায় নিম্নোল্লিখিত প্রকল্প সমূহ অনুমোদন করে সূত্রস্থ স্থাবর অনুযায়ী রেজুলেশন সহ বরাদ্দের জন্য আবেদন করেন। সে মোতাবেক নিম্নোল্লিখিত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে বরাদ্দ প্রদান করা হলো।

ক্রমিক নং	স্কিমের নাম	বরাদ্দকৃত টাকা
১	মাওনা ধনুয়া পাকা রাস্তা হতে পূর্ব দিকে এবাদত খানের বাড়ী অভিমুখি রাস্তা সলিং।	২,৫০,০০০/-
২	মাওনা ধনুয়া পাকা রাস্তা হতে পশ্চিম দিকে সরকার বাড়ী অভিমুখি রাস্তা সলিং।	২,০০,০০০/-
৩	চকপাড়া মেডিকেল মোড় থেকে কাওরান বাজার অভিমুখি রাস্তা সংস্কার।	১,০০,০০০/-
৪	চকপাড়া মেডিকেল মোড় টু জোনাকী রাস্তা হতে উত্তর দিকে জয়নালের বাড়ী হয়ে উত্তর অভিমুখি রাস্তা সলিং।	২,৫০,০০০/-
৫	সির্ঘদিঘী সিটপাড়া সমেজ উদ্দিন এর বাড়ী হইতে মোতাজ খার বাড়ী রাস্তা ইটের সলিং এর পর সলিং।	২,৫০,০০০/-
৬	ফুলানিসিট বলখেলার মাঠ থেকে পশ্চিম দিকে কাকলীর বাড়ী পর্যন্ত রাস্তা সলিং।	১,৫০,০০০/-
৭	বারতোপা বাজার পাকা রাস্তা হতে মজিবুর ডাঃ বাড়ী পর্যন্ত রাস্তা সলিং।	১,৫০,০০০/-
৮	ইন্দ্রপুর- ভবানীপুর রাস্তা হইতে উত্তর দিকে আঃ পুকুর অভিমুখি রাস্তা সলিং।	২,০০,০০০/-
৯	কপাটিয়াপাড়া জোনাকি মোড় এর উত্তর পাশে বদের বাড়ী হইতে উত্তর অভিমুখি রাস্তা সলিং।	৪,০০,০০০/-
১০	আনন্দ বাজার হইতে আনসার আলীর মাষ্টারের বাড়ী হইতে জুলহাসের বাড়ী পর্যন্ত রাস্তা সলিং করণ।	২,০০,০০০/-
১১	বদনী ভাংগা ছাত্তার মেখারের বাড়ী ইটের সলিং এর পর হইতে শিমলাপাড়া অভিমুখি রাস্তা সলিং।	২,৫০,০০০/-
১২	দক্ষিণ আক্তাপাড়া মসজিদ হইতে কাইলার চালা অভিমুখি রাস্তা সলিং।	২,০০,০০০/-
১৩	বারতোপা মধ্যপাড়া মজিবুরের বাড়ী হইতে দক্ষিণ অভিমুখি রাস্তা সলিং।	২,৫০,০০০/-
১৪	সিংগারদিঘী ফরাঙ্গী বাড়ী দক্ষিণ পাশ হইতে স্কুল অভিমুখি রাস্তা সলিং।	১,০০,০০০/-
১৫	সিংগারদিঘী পশ্চিমের চালা ইটের সলিং এর রাস্তা হইতে হাবিজ উদ্দিন এর বাড়ীর রাস্তা ও জকার এর বাড়ীর রাস্তা।	২,০০,০০০/-
১৬	ভেরামতলী নুর সিদ্দিক বাড়ী হইতে এমারত মাষ্টারের বাড়ী অভিমুখি রাস্তা সলিং।	২,৫০,০০০/-
	মোট	৩৪,০০,০০০

শর্তাবলী :

- স্থানীয় সরকার বিভাগ কর্তৃক জারিকৃত স্মারক নং ইপঃ/বিধি-১৩/৯৬/১১৫৯(৬৪) তারিখ ১১-০৯-২০০৫ খ্রিঃ মোতাবেক এই বরাদ্দ শুধুমাত্র ইউনিয়ন পরিষদের সংশ্লিষ্ট হিসাব বরাবর অর্থ ছাড় করার ক্ষেত্রে প্রযোজ্য।
- এই অর্থ ব্যয়ের জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও ইউনিয়ন পরিষদের সচিব যৌথভাবে আয়ন ব্যয়ন কর্মকর্তা হিসাবে দায়িত্ব পালন করবেন।
- এই অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮ এবং ইউনিয়ন পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা অনুসরণ করতে হবে।
- প্রকল্প বাস্তবায়ন ও অর্থ ছাড় করার বিষয়ে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদের সচিব ও পিআইসি সভাপতি যৌথভাবে দায়ী থাকবেন।
- প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে ঋততা পরিহার পূর্বক স্বচ্ছতা নিশ্চিত করতে হবে। কোনরূপ ঋততা পরিলক্ষিত হলে শুধু মাত্র ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদের সচিব ও পিআইসি সভাপতি যৌথভাবে দায়ী থাকবেন।
- প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে কোন জটিলতা তৈরী হলে তৎক্ষণাত্ ইউনিয়ন পরিষদের সভায় রেজুলেশন অনুমোদন পূর্বক নিম্নস্বাক্ষরকারীগণ বরাবর দাখিল করতে হবে।
- ইউনিয়ন পরিষদের সভায় প্রকল্প বাস্তবায়ন কমিটির অনুমোদন নিতে হবে এবং তা রেজুলেশনে অন্তর্ভুক্ত করতে হবে।
- স্থাবর সম্পত্তি হস্তান্তর করের ১% ইউনিয়ন জমা খাতের সংশ্লিষ্ট ব্যাংক হিসাবের জন্য আলাদা কাশ্য বহি সংরক্ষণ করতে হবে। এবং যে কোন খরচের বিপরীতে প্রদানকৃত চেকের বিস্তারিত তথ্য কাশ্য বাহিতে লিপিবদ্ধ করতে হবে।
- ইউনিয়ন পরিষদের সভায় প্রয়োজনীয় নথি ও রেজিস্টার সংরক্ষণ করতে হবে। উক্ত নথি ও রেজিস্টারে প্রকল্প কমিটি, অগ্রমী প্রদান ও সমন্বয় সংক্রান্ত যাবতীয় তথ্য ও বিল ভাউচার সংরক্ষণ করতে হবে।
- প্রচলিত আর্থিক বিধি-বিধান অনুযায়ী ব্যয় নির্বাহ করে কাজের বিল ভাউচার ও আনুসংগিক কাগজ পত্র অডিটের জন্য ইউনিয়ন পরিষদের রেজুলেশন সহ অন্যান্য তথ্যাদি ইউনিয়ন পরিষদের সচিব ইউনিয়ন পরিষদে সংরক্ষণের জন্য দায়িত্ব পালন করবেন।

উপজেলা প্রকৌশলী
শ্রীপুর, গাজীপুর
০৪/০৬/২৩

উপজেলা নির্বাহী অফিসার
শ্রীপুর, গাজীপুর।